

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৮৭

তারিখ: ২০ অগ্রহাষণ ১৪২৮

০৫ ডিসেম্বর ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। আবহাওয়ার সতর্কবার্তা:

**আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি, ক্রমিক নং ১২ (বার), তারিখ: ০৫.১২.২০২১খ্রিঃ**

পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটি আরও উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর এলাকায় (১৯.০° উত্তর অক্ষাংশ এবং ৮৫.৮° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ (০৫ ডিসেম্বর, ২০২১) দুপুর ১২.০০ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৭৫৫ কিঃমিঃ দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৭৩৫ কিঃমিঃ দক্ষিণপশ্চিমে, মংলা সমুদ্রবন্দর থেকে ৫৭০ কিঃমিঃ দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্র বন্দর থেকে ৬০০ কিঃমিঃ দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। এটি আরও উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে ক্রমান্বয়ে দুর্বল হতে পারে।

গভীর নিম্নচাপ কেন্দ্রের ৪৮ কিঃমিঃ এর মধ্যে একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৫০ কিঃমিঃ যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ৬০ কিঃমিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। গভীর নিম্নচাপ কেন্দ্রের নিকটে সাগর উত্তাল রয়েছে।

গভীর নিম্নচাপটির অগ্রবর্তী অংশের প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও বাংলাদেশের উপকূলীয় এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালা সৃষ্টি অব্যাহত রয়েছে এবং বায়ু চাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। উত্তর বঙ্গোপসাগর ও বাংলাদেশের উপকূলীয় এলাকায় ঘন্টায় ৪০-৫০ কিঃ মিঃ বেগে অস্থায়ী দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত (পুনঃ) ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে নিরাপদ আশ্রয়ে যেতে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

২। আজ ০৫ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

খুলনা, বরিশাল এবং পটুয়াখালী অঞ্চলসমূহের উপর দিয়ে পূর্ব/উত্তর-পূর্ব দিক দিয়ে ঘন্টায় ৪৫-৬০ কি.মি বেগে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে সেই সাথে বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। ০৫ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় ‘জাওয়াদ’ আরও উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও দুর্বল হয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। এটি আজ (০৫ ডিসেম্বর ২০২১) সকাল ০৬ টায় উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর এলাকায় (অক্ষাংশ: ১৮.২° উত্তর এবং দ্রাঘিমাংশ: ৮৫.০° পূর্ব) অবস্থান করছিল। এটি আরো উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে ক্রমান্বয়ে দুর্বল হতে পারে।

পূর্বাভাসঃ খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও ঢাকা বিভাগের অধিকাংশ জায়গায়; রাজশাহী, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক

জায়গায় এবং রংপুর বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): এ সময়ের শেষের দিকে বৃষ্টিপাতের প্রবণতা হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা হ্রাস পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৬.৭	২৬.০	৩১.৬	২৭.৫	২৬.৫	২৯.৬	২৫.৮	২৬.৮
সর্বনিম্ন তাপমাত্রা	১৮.৪	১৯.৫	১৯.০	১৭.০	১৮.৪	১৪.১	১৯.৮	২০.৩

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল টেকনাফ ৩১.৬° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৪.১° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

#### ৪। অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৩ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ০৪ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১৩ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	২	০	০
২।	ময়মনসিংহ	৩	০	০
৩।	রাজশাহী	১	০	০
৪।	রংপুর	২	০	০
৫।	চট্টগ্রাম	২	০	০
৬।	খুলনা	৩	০	০
	মোট	১৩	০	০

৫ (ক)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণ:

ক্রঃ নং	ত্রাণ কার্যক্রমের নাম	বরাদ্দের পরিমাণ		
		চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ০১/১২/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত)	বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১ খ্রিঃ) পর্যন্ত	মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত)
১	২	৩	৪	৫ (৩+৪)
১	৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা	-	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা

২	ত্রাণ কার্য (নগদ অর্থ)	৮৬,৭৪,৮৯,০০০/- (ছিয়াশি কোটি চুয়াত্তর লক্ষ উননব্বই হাজার) টাকা	১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পঁচাত্তর এগার) টাকা	১০৯৭,৮৮,২১,৫১১/- (এক হাজার সাতানব্বই কোটি আটশি লক্ষ একুশ হাজার পঁচাত্তর এগারো) টাকা
৩	চাল	১,৬৩,৪১৮.৫১ (এক লক্ষ তেষট্টি হাজার চারশত আঠার দশমিক পঁচ এক) মে: টন	৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পঁচাত্তর বিয়াল্লিশ) মেঃ টন	৬,০৭,৯৬০.৫১ (ছয় লক্ষ সাত হাজার নয়শত ষাট দশমিক পঁচ এক) মে. টন
৪	শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পঁচাত্তর) গ্রাম]	৩৪,২৫১ (চৌত্রিশ হাজার দুইশত একান্ন) প্যাকেট	৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট	৭,২১,৯৫১ (সাত লক্ষ একুশ হাজার নয়শত একান্ন) প্যাকেট
৫	টেউটিন	২,১০৪ বান্ডিল	৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল	৩৩,৯০৪ (তেত্রিশ হাজার নয়শত চার) বান্ডিল
৬	গৃহ নির্মাণ মঞ্জুরী	৬৩,১২,০০০/- টাকা	৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা	১০,১৭,১২,০০০/- (দশ কোটি সতের লক্ষ বার হাজার) টাকা
৭।	সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী	৭০০ কার্টন	-	৭০০ কার্টন

৫ (খ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (০২/১২/২০২১ তারিখ পর্যন্ত):

ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা	সকল জেলা (পৌরসভাসহ)	সকল সিটি করপোরেশন	সর্বমোট
উপকারভোগী পরিবার সংখ্যা	৩,২৫,১৮২ টি	১২,৩০৪ টি	৩,৩৭,৪৮৬ টি
উপকারভোগী লোক সংখ্যা	১৬,১৭,২৪৫ জন	৫৯,৮৯৭ জন	১৬,৭৭,১৪২ জন

৬। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।



৫-১২-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৮৭/১(১৭১)

তারিখ: ২০ অগ্রহাষণ ১৪২৮

০৫ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



৫-১২-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা